

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর
বিতরণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.pressinform.gov.bd

১১.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহেনুর মিয়া প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১১.০১.২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	প্রধান তথ্য অফিসারের অফিস কক্ষ
উপস্থিতি	নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তথ্য অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব গাজী শরীফা ইয়াছমিন সভাপতির অনুমতিক্রমে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) দফাওয়ারি বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্ব- মূল্যায়িত ২য় ত্রৈমাসিকের (অক্টোবর- ডিসেম্বর, ২০২৩) অগ্রগতি প্রতিবেদন অনুমোদন	তথ্য অধিদফতরের ২০২৩-২০২৪ অর্থবছরে গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় গৃহীত ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদিত হয়। বাস্তবায়িত কার্যক্রমের স্ব-মূল্যায়িত অর্জিত নম্বর ১৯.৫০। মন্ত্রিপরিষদ বিভাগের চালুকৃত NIS সফটওয়্যারে যথাসময়ে প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩য় ত্রৈমাসিকের জন্য (জানুয়ারি-মার্চ, ২০২৪) গৃহীত কার্যক্রম যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার নির্দেশনা দেওয়া হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২	২য় ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সিদ্ধান্ত গ্রহণ	অধিদফতরে কর্মরত বিভিন্ন গ্রেডের কর্মকর্তা/কর্মচারীর (৫০ জন) সমন্বয়ে ব্যক্তি ও প্রতিষ্ঠানিক পর্যায়ে দুর্নীতি বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি আলোচনা সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৩	বিবিধ নৈতিকতা কমিটি পুনর্গঠন।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন ও অর্থ) এর অন্যান্য বদলি/পদায়নজনিত কারণে অধিদফতরের সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) কে নৈতিকতা কমিটিতে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠনের অফিস আদেশ জারির সিদ্ধান্ত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬-০১-২০২৪

মোঃ শাহেনুর মিয়া

প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

৫৫১০০৮১১ (ফোন)

৫৫১০০৫৫৩ (ফ্যাক্স)

pio@pressinform.gov.bd

২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১৫.৫২.০০০০.০১৪.১৮.০০১.১৭.৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল অ্যান্ড লিয়াজেঁ), তথ্য অধিদফতর;
- ২। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;
- ৩। উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং ও নিউজব্রিফ), তথ্য অধিদফতর;
- ৪। উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন), তথ্য অধিদফতর;
- ৫। সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন), তথ্য অধিদফতর;
- ৬। ক্রয় কর্মকর্তা, তথ্য অধিদফতর;
- ৭। প্রশাসনিক কর্মকর্তা, তথ্য অধিদফতর;
- ৮। বিতরণ কর্মকর্তা, বিতরণ শাখা, তথ্য অধিদফতর এবং
- ৯। স্টেনোগ্রাফার, প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর।



১৭-০১-২০২৪

গাজী শরীফা ইয়াছমিন

তথ্য অফিসার